# হামাসের রাজনৈতিক ব্যুরোর নতুন প্রধান খলিল আল-হাইয়া



হামাসের রাজনৈতিক ব্যুরোর নতুন প্রধান খলিল আল-হাইয়া। ছবি: সংগৃহীত

ফিলিস্তিনি সশস্ত্র সংগঠন হামাসের রাজনৈতিক ব্যুরোর নতুন প্রধান হিসেবে খলিল আল-হাইয়ার নাম ঘোষণা করা হয়েছে। তিনি সংগঠনটির সাবেক প্রধান ইয়াহিয়া সিনওয়ারের স্থলাভিষিক্ত হচ্ছেন। এ তথ্য জানিয়েছে হামাস।

সোমবার (২০ জুলাই) এক বিবৃতিতে নতুন নেতৃত্বের বিষয়টি আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করে সংগঠনটি। এর আগে ২০২৪ সালের অক্টোবরে গাজায় ইসরায়েলি সামরিক অভিযানে ইয়াহিয়া সিনওয়ার নিহত হন।

গত বছর সিনওয়ারের পাশাপাশি হামাসের সামরিক শাখার কমান্ডার মোহাম্মদ দেইফও নিহত হওয়ার পর সংগঠনের নেতৃত্বে খলিল আল-হাইয়ার ভূমিকা আরও গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। সেই ধারাবাহিকতায় এবার তাকে রাজনৈতিক ব্যুরোর প্রধানের দায়িত্ব দেওয়া হলো।

১৯৬০ সালে গাজা উপত্যকায় জন্ম নেওয়া খলিল আল-হাইয়া হামাস প্রতিষ্ঠার পর ১৯৮৭ সাল থেকেই সংগঠনটির সঙ্গে যুক্ত রয়েছেন। দীর্ঘদিন ধরে তিনি হামাসের শীর্ষ পর্যায়ের নেতৃত্বে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছেন।

LENS ASIA